আলমডাঙ্গা ভাংবাড়িয়া মহিলা দলের উদ্যোগে দোয়া অনুষ্ঠান

আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়ন মহিলা দলের উদ্যোগে বেগম খালেদা জিয়ার মৃত্যুতে মিলাদ মাহফিল ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়েছে।

রবিবার ভাংবাড়িয়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড মহিলা দলের আয়োজনে বাদ জোহর এ দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ইউনিয়ন মহিলা দলের সভাপতি মাহফুজা ইয়াসমিন জলির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ও ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সানোয়ার হোসেন লাড্ডু। এ সময় তিনি বলেন, “মরহুমা বেগম খালেদা জিয়া ছিলেন দল ও দেশের একজন নিবেদিতপ্রাণ ও দক্ষ সংগঠক। দল ও দেশের মানুষের জন্য তার অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।”

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সভাপতি সাজিবুল হক রাজনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি মজিরুল ইসলাম বিজু ও বিএনপি নেতা আসাদুজ্জামান রিমন।

এ সময় আরও উপস্থিত ছিলেন ভাংবাড়িয়া ইউনিয়ন মহিলা দলের সাধারণ সম্পাদক সাগরী খাতুন, সহ-সভাপতি শাহারবানু, যুগ্ম সাধারণ সম্পাদক রেক্সনা খাতুন, সাংগঠনিক সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা ওলামা দলের সভাপতি সবেদ আলী, সাধারণ সম্পাদক জামাল হোসেন, বিএনপি নেতা হামিদুল ইসলাম, বকুল হোসেন, আকাইলি, সাগর বিশ্বাস, ছানোয়ার, ইনামুল হক, উপজেলা যুবদলের সদস্য সেলিম রেজা, আবুজার, ইউনিয়ন যুবদল নেতা মজিবুল ইসলাম, শামীম রেজা, মুকুল উজ্জামান মিলন, রাজাবুল ইসলাম, খোকন, সাবানসহ মহিলা দল, বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

মিলাদ মাহফিল ও দোয়া পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলা ওলামা দলের সহ-সাংগঠনিক সম্পাদক কাজী আবু মুছা।

আলমডাঙ্গায় ভাংবাড়িয়া ইউনিয়ন ওলামা দলের কমিটি গঠন

আলমডাঙ্গা উপজেলা ভাংবাড়িয়া ইউনিয়ন ওলামা দলের কমিটি গঠন করা হয়েছে। আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নে বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের নতুন নেতৃত্ব নির্বাচিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেল ৪টার সময় ভাংবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে উৎসবমুখর পরিবেশে ৩১ সদস্যবিশিষ্ট ইউনিয়ন কমিটি গঠন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান। সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা ওলামা দলের আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সদস্য মাওলানা মোঃ আনোয়ার হোসেন।

অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা ওলামা দলের সভাপতি কাজী আবুল হাসনাত।

প্রধান অতিথির অনুপ্রেরণামূলক বক্তব্যে মোঃ আনোয়ার হোসেন বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দল শুধু একটি সংগঠন নয়, এটি ইসলাম, ন্যায়বিচার ও গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনের অগ্রভাগে থাকা একটি শক্তি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আতাউল হুদা,

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি সানোয়ার হোসেন লাড্ডু, চুয়াডাঙ্গা জেলা ওলামা দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক গোলাম কিবরিয়া স্বপন, যুগ্ম আহ্বায়ক আবু হুরাইরা, সিনিয়র সহ-সভাপতি আল মামুন হোসেন, সাধারণ সম্পাদক শাহ কলম, সাংগঠনিক সম্পাদক হামিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক রাজা হোসেন ও আবু মুসা, সহ-সাংগঠনিক সম্পাদক।

ভাংবাড়িয়া ইউনিয়ন ওলামা দলের নবগঠিত কমিটির নেতৃত্বে রয়েছেন সভাপতি মোঃ সবোদ আলী,সাধারণ সম্পাদক আবু নছর, সহ-সভাপতি মজিবুল

ইসলাম, সহ-সভাপতি আলিম বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন, সাংগঠনিক সম্পাদক জামাল উদ্দিন, সহ-সাংগঠনিক সম্পাদক আলামিন হোসেন।

আলমডাঙ্গার ভাংবাড়িয়ায় কর্মী সভায় এমপি ছেলুন জোয়ার্দ্দার

আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে ভাংবাড়িয়া স্কুল প্রাঙ্গণে এ সভার আয়োজন করা হয়। কর্মি সভায়

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এসময় প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জেয়ার্দ্দার বলেন,বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা এই ১৫ বছরে দেশের মানুষের জন্য যে উন্নয়ন করেছে,তা আর কেউ করে নাই। আমাদের সরকারের আমলে, সারের জন্য কৃষককে লাইন দিতে হয়না। গুলি খেয়ে মরতে হয়না। গ্রামে গ্রামে রাস্তা করে দেওয়া হয়েছে। তৃণমূলের মানুষের চিকিৎসার জন্য কমিউনিটি ক্লিনিক করে দেওয়া হয়েছে। ফ্রী ঔষধ দেওয়া হচ্ছে। যে ক্লিনিক বিএনপির আমলে বন্ধ করে দেওয়া হয়েছিল। সেখানে আজ মানুষ চিকিৎসা সেবা পাচ্ছেন। পদ্মা সেতু নির্মাণ করা হয়েছে,কর্ণফুলি ট্যানেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ করে দেওয়া হয়েছে,মেট্রোরেল চালু হয়েছে। মানুষ সুবিধা ভোগ করছে। প্রত্যেক উপজেলায় মডেল মসজিদ নির্মাণ করা হয়েছে। এই রাস্তাঘাট স্কুল কলেজ,মসজিদ মাদ্রাসা, ইলেকট্রিসিটিসহ সব ধরনের সুযোগ সুবিধা পাচ্ছেন।

তিনি আরো বলেন, আজকের এই জনসভায় যেসব কর্মি ভাইয়ের উপন্থিত হয়েছেন,আপনারা মানুষের কাছে গিয়ে নৌকার জন্য ভোট চান,আমরা যে উন্নয়ন করেছি, সে বিষয়ে মানুষকে বোঝান। কেনো নৌকায় ভোট দিবে না।